

Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 01 July, 2025

মুন্সীগঞ্জ-৩ আসনের সাবেক সংসদ সদস্য ফয়সাল বিপ্লবকে সাত দিনের রিমান্ডে নেওয়ার আদেশ দিয়েছেন আদালত। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সৃষ্ট সহিংসতায় দিনমজুর সজল মোল্লা নিহত হওয়ার ঘটনায় দায়ের করা হত্যা মামলায় এ রিমান্ড মঞ্জুর করা হয়েছে।

আজ মঙ্গলবার (১ জুলাই) সকালে মুন্সীগঞ্জ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সদর আমলি আদালতে বিপ্লবকে হাজির করে মামলার তদন্তকারী কর্মকর্তা সজিব দে। তিনি বিপ্লবকে গ্রেফতার দেখানো এবং ১০ দিনের রিমান্ড আবেদন করেন। শুনানি শেষে বিচারক আশিকুর রহমান তাকে গ্রেফতার দেখানোর নির্দেশ দেন এবং সাত দিনের রিমান্ড মঞ্জুর করেন।

রাষ্ট্রপক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট আব্দুল হালিম, আর আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট শাহিন মোহাম্মদ আমানউল্লাহ। বিপ্লবকে আদালতে আনা হয় কড়া নিরাপত্তার মধ্যে।

এর আগে গত ২১ জুন রাতে রাজধানীর মনিপুরীপাড়ার একটি বাসা থেকে ফয়সাল বিপ্লবকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। তিনি ছিলেন ২০২৩ সালের ঢাকায় দায়ের করা একটি হত্যা মামলার আসামি।

উল্লেখ্য, ২০২৩ সালের ৪ আগস্ট মুন্সীগঞ্জ শহরের কৃষি ব্যাংক এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সহিংসতায় গুলিতে নিহত হন দিনমজুর সজল মোল্লা (৩০)। ওই ঘটনায় মুন্সীগঞ্জ সদর থানায় দায়ের করা মামলায় প্রধান আসামি করা হয়েছে ফয়সাল বিপ্লবকে।

মামলায় আরও আসামি করা হয়েছে তার বাবা, জেলা আওয়ামী লীগের সভাপতি মো. মহিউদ্দিনসহ মোট ৩০১ নেতাকর্মীকে, এবং অজ্ঞাতপরিচয় আরও ১০০-১৫০ জনকে। মামলার বাদী নিহত সজলের ভাই সাইফুল ইসলাম।

বিপ্লব সর্বশেষ জাতীয় নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে জয়লাভ করে নৌকার প্রার্থী মৃগাল কান্তি দাসকে পরাজিত করে সংসদ সদস্য নির্বাচিত হন।

এদিকে, রিমান্ড মঞ্জুরের পর ফয়সাল বিপ্লবের ফাঁসির দাবিতে জেলা যুবদল ও ছাত্রদল আদালত চত্বরের সামনে বিক্ষোভ মিছিল করেছে।

রিমান্ড হেফতার ডিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 09:16

URL: <https://timestodaybd.com/public/politics/411663995>